



‘শাপলা কলি’ প্রতীক দিয়ে এনসিপিকে বাচ্চা দেখানোর চেষ্টা ইসির: সামান্তা শারমিন



সংগৃহীত ছবি

পূর্ণাঙ্গ কিংবা ফুটন্ত শাপলা না দিয়ে এর কলি নির্বাচন কমিশনের প্রতীক তালিকায় অন্তর্ভুক্ত করার সমালোচনা করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সিনিয়র যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন। এটি এনসিপিকে বাচ্চা বা অনুজ হিসেবে বোঝানোর একটি চেষ্টা বলেও মন্তব্য করেন তিনি।

সামান্তা বলেন, শাপলার কলি দেয়া গেলে শাপলাও দেয়া সম্ভব। এর মাধ্যমে নির্বাচন কমিশনের ভূমিকা ফের প্রশংসিত হলে।

এমনকি ইসি বড় কোনো দলের সঙ্গে শরিক হয়ে প্রতারণা করেছে বলেও অভিযোগ করেন এনসিপির এ নেত্রী। বলেন, এমন কমিশনের মাধ্যমে সুষ্ঠু নির্বাচন সম্ভব না।

উল্লেখ্য, বৃহস্পতিবার (৩০ অক্টোবর) ইসির এক প্রজ্ঞাপনে ‘শাপলা কলি’কে রাজনৈতিক দলের প্রতীক তালিকায় যুক্ত করে ইসি। মূলত, নির্বাচন বিধিমালা ২০০৮ সংশোধন করেই এই প্রজ্ঞাপন জারি করে নির্বাচন কমিশন।

LENS ASIA